ডিওএইচএস'র শিকার মোহামেডান

বিশেষ সংবাদদাতা ঃ প্রথম ম্যাচে হারের পর টানা ৬ রাউন্ড অপ্রতিরোধ্য মোহামেডান ৮ম রাউন্ডে এসে বড় ধরনের ধাক্কা খেয়েছে, ডিওএইচএস'র কাছে ৪৯ রানে হেরে ছিটকে পড়েছে শীর্ষস্থান থেকে। টসে জিতে চেজিংকে বেছে নিয়ে মোহামেডান বোলাররা মার খেয়েছে অনিয়ন্ত্রিত বোলিংয়ে। মিরপুর শেরে বাংলা স্টেডিয়ামে ইনিংসের শুরু থেকে এগ্রেসিভ ব্যাটিংয়ে বড় ধরনের চ্যালেঞ্জ (২৬২/৭) ছুঁড়ে দিতে পেরেছে ডিওএইচএস। সৈয়দ রাসেল এদিন যাচ্ছে-তাই বোলিং করেছেন। অনিয়ন্ত্রিত বোলিংয়ে ১০ ওভারে তার খরচা ৬৯। ডিওএইচএস'র দু'টি পার্টনারশিপ এদিন ভুগিয়েছে মোহামেডানকে, ৩য় জুটির ৮৪ বলে ৭৩ এবং ৫ম জুটির ৭৫ বলে ৭১এ পুঁজিটা বড় হয়ে গেছে ডিওএইচএস'র। দুই বিদেশি রিক্রুট রামিজ পিঞ্জারা (৮১ বলে ৬০)ও আদনান রাজার (৬৩ বলে ৫৬) ফিফটি ছাড়াও দলের প্রয়োজন মিটিয়েছেন ডিকেন্স জিয়াউর (২৮), আশরাফুল (২৫), শুভাগতহোম (৩৮) ও ডিকেন্স (৩৫)।

টার্গেটটা বড় হলেও মোহামেডানের শুরুটা কিন্তু ছিল আশা জাগানিয়া। তবে ওপেনিং পার্টনারশিপের ৪৪ এবং দ্বিতীয় জুটির ৪৮'র পর ইনিংসের মাঝপথে ম্যাচ থেকে ছিটকে পড়েছে মোহামেডান। বাঁ-হাতি স্পিনার নাবিল সামাদের মারাত্মক বোলিংয়ে (৫/৪৫) ৫০ ওভার পার করতে পারেনি মোহামেডান। ১১ বল আগেই শেষ হয়েছে তাদের ইনিংস (২১৩/১০)। মোহামেডানের ব্যাটসম্যানদের মধ্যে ওপেনার তান্না একমাত্র ফিফটির দেখা পেয়েছেন (৫২)। এই জয়ে পয়েন্ট তালিকায় এককভাবে শীর্ষে উঠে এসেছে ডিওএইচএস (৮ ম্যাচে ১৪ পয়েন্ট), অন্যদিকে মোহামেডানের সংগ্রহ ১২ পয়েন্ট)।

সংক্ষিপ্ত স্কোর

ডিওএইচএস : ২৬২/৭ (৫০.০ ওভারে), জিয়াউর ২৮, আশরাফুল ২৫, রামেজ পিঞ্জরা ৬০, শুভাগতহোম ৩৮, আদনান রাজা ৫৬ (অপ.), ফয়সাল ডিকেন্স ৩৫, তানভীর ০, জালাত খান ১৩, নূরুল হাসান ১ (অপ.), সৈয়দ রাসেল ১/৬৯, অমিতাভ নয়ন ১/৩১, নাইম ১/৪৭, ইয়াসিম মুর্তজা ২/৫৫, তান্না ১/৩৭

মোহামেডান : ২১৩/১০ (৪৮.১ ওভারে), তান্না ৫২, ইমরুল কায়েস ১৮, রমিজ রাজা জুনি: ৪০, নাইম ৬, রাজিন ১৮, ইয়াসিম ৪, সারমাদ ভাট্টি ৪৪, হিমেল ১১, দেলোয়ার ৩, সৈয়দ রাসেল ০, অমিতাভ নয়ন ৮ (অপ.), নাবিল সামাদ ৫/৪৫, আশরাফুল ২/২৭, এনামুল জুনি: ১/৪৪

ফল : ডিওএইচএস ৪৯ রানে জয়ী।

দলে ফিরছেন প্যাটিনসন

ইন্টারনেট : অস্ট্রেলিয়া-ভারত অগ্নিপথ সিরিজের মেলবোর্ন টেস্টে ৫ উইকেট নিয়ে ভারতকে ধরাশায়ী করা অস্ট্রেলিয়ান পেস বলার জেমস প্যাটিনসন দ্রুত দলে ফিরতে পারেন। অগ্নিপথ সিরিজের প্রথম টেস্টে দুর্দান্ত বোলিংয়ে শুধু ভারতীয় ক্রিকেট দলই কুপোকাত হয়নি, তাদের সাথে ইনজুরির ফাঁদে পড়েন জেমস প্যাটিনসন। ইনজুরির ফলে আসন্ন ত্রি-দেশীয় সিরিজ খেলা প্রায় অসম্ভবই হয়ে পড়েছিল প্যাটিনসনের। ৫ ফেব্রুয়ারি আসন্ন একদিনের আন্তর্জাতিক ত্রি-দেশীয় সিরিজে খেলতে পারেন বলে আশা করছেন এই ফাস্ট বোলার। সিরিজে স্বাগতিক অস্ট্রেলিয়ার সফরসঙ্গী হবে ভারত এবং শ্রীলংকা ক্রিকেট দল। ভারতের বিরুদ্ধে প্রমাণিত এ বলার এবার শ্রীলংকান ক্রিকেট দলকে তার ক্ষিপ্রতার শিকার করতে চান। 'আমি গত তিন সপ্তাহ ধরে সাঁতার এবং বাইক রাইডিং অনুশীলন করেছি। আর এক সপ্তাহ দৌড়ালেই আমি আবার বোলিং করতে পারবো। এ মুহূর্তে আমাদের একটাই লক্ষ্য, আসন্ন সিরিজটি যেন সৌভাগ্যপূর্ণ হয় এবং আমি সেখানে খেলতে পারি'। উল্লেখ্য, প্যাটিনসন ভারতের সাথে গত সিডনি এবং অ্যাডিলেড দুটি টেস্ট ইনজুরির কারণে খেলতে পারেনি। আর এ দুটি টেস্টেই অস্ট্রেলিয়া ইনিংসে জয় পায়, যা দেখে আর মাঠের বাইরে থাকতে নারাজ এই বোলার। 'অস্ট্রেলিয়া ভালো খেলছে দেখে আমি খুব খুশি। আর টানা জয় আমাকে দলের হয়ে খেলতে আরও বেশি আগ্রহী করে তুলছে'।

পিচ রিপোর্টার শোয়েব আকতার

ইন্টারনেট : পাকিস্তানের সাবেক ফাস্ট বোলার শোয়েব আকতার আবুধাবী ক্রিকেট গ্রাউন্ডকে পেস বলিংয়ের অনুপযুক্ত বলে আখ্যা দিয়েছেন। রাওয়ালপিন্ডি এক্সপ্রেস খ্যাত সাবেক এই ক্রিকেটার সম্প্রতি চালু হওয়া 'পিটিভি স্পোর্টস' চ্যানেলে সিরিজ এক্সপার্ট হিসাবে এসে এ মন্তব্য করেন, 'এখানকার উইকেট অনেকটা শক্ত, মোটা, ধুলোময় এবং পেস বোলারদের জন্য বল করা দুঃস্বপ্নের শামিল'। তবে স্পিনাররাও এখানে অতিরিক্ত সুবিধা পাবে না বলে মনে করেন পাকিস্তানের সাবেক এই তারকা বোলার, 'পাকিস্তানের সেরা স্পিন বোলার সাঈদ আজমল যদি ভাবে দুবাইয়ে যেমন সুবিধা পেয়েছে, এখানেও তেমনি পাবে তাহলে ভুল করবে। তবে যদি অতিরিক্ত ফ্লাইট দেয় তাহলে বল টার্নসহ বাউন্স করতে পারে'।

প্রতিশোধটা নেয়া হলো না মারের

ইন্টারনেট ঃ নতুন বছরে ক্যারিয়ারের প্রথম গ্র্যান্ডস্ল্যাম জয়ের যে স্বপ্ন অ্যান্ডি মারে বুনেছিলেন তা আবারো চূর্ণ-বিচূর্ণ হয়ে গেল। গতকাল অস্ট্রেলিয়ান ওপেনের ১২তম দিনে গ্রেট ব্রিটেনের এ তরুণের জন্য বয়ে এলো রাজ্যের সব হতাশা। আগের দুবার মেলবোর্ন পার্কে ফাইনাল পর্যন্ত উঠে আসলেও এবার সেমিতেই বিদায়ের ঘণ্টা বেজে ওঠে মারের। আর এ ঘণ্টার বাদক অন্য কেউ নন সার্বিয়ার অতিমানব নোভাক জোকোভিচ। রড লেভার এরিনায় তখন করতালি ও সমর্থনের ঢল। গত বছরের অস্ট্রেলিয়ান ওপেনের ফাইনালেরই রিপ্লে দেখা গেল চলতি আসরের সেমিফাইনালে। তাই ফাইনালের আগে এই ম্যাচটিকে 'মেগা ফাইনাল' ম্যাচ বললেও ভুল হবে না। দীর্ঘ ৪ ঘণ্টা ৫০ মিনিট শ্বাসরুদ্ধকর লড়াই শেষে জোকোভিচ যেন নিজেকে ঠিক রাখতে পারলেন না। দু'হাত শূন্যে তুলে আকাশ ছোঁয়ার চেষ্টায় লুটিয়ে পড়লেন মাটিতে। হাত-পা চারদিকে ছড়িয়ে করলেন জয়ের উল্লাস। সেই সাথে জোকোভিচ আরো একবার জানান দিলেন বর্তমান সময়ে তিনিই সেরা।

ফাইনালের আগেভাগেই ফাইনালের উত্তাপ পাইয়ে দিতে শততম পর্বের অস্ট্রেলিয়ান ওপেন এখন উত্তেজনার পর্বতচূড়ায়। গতকাল পুরুষ এককের দ্বিতীয় সেমিফাইনালে ইতিহাস গড়ার লক্ষ্য নিয়ে কোর্টে নামেন দুই টেনিস মহারথী অ্যান্ডি মারে ও নোভাক জোকোভিচ। এদিকে রড লেভার, পিট সাম্প্রাস, রজার ফেদেরার ও রাফায়েল নাদালের পর টানা ৩ গ্র্যান্ডস্ল্যাম জয়ের লক্ষ্য জোকোভিচের সামনে। অন্যদিকে জোকোভিচ অধ্যায়ের সমাপ্তি ঘটিয়ে ক্যারিয়ারের প্রথম গ্র্যান্ডস্ল্যাম জয়ের এক ধাপ এগিয়ে যাওয়ার লক্ষ্য অ্যান্ডি মারের। ম্যাচে মারেকে ৬-৩, ৩-৬, ৬-৭ (৪-৭), ৬-১, ৭-৫ গেমে হারান নোভাক জোকোভিচ। শুরুতেই ৬-৩ গেমে প্রথম সেট জিতে নেন জোকোভিচ। এর একই ব্যবধানে দ্বিতীয় সেটটি জিতে নেন মারে। তবে টানটান উত্তেজনাপূর্ণ এ ম্যাচে সবচেয়ে দীর্ঘস্থায়ী সেটটি ছিল ৩য় সেট। ৮৮ মিনিট লড়াই করে টাইব্রেকার গড়ানো সেটটি ৪-৭ পয়েন্টে জেতেন মারে। কিন্তু শেষ দুটি সেটে আর মারেকে উঠে দাঁড়াতে দেননি জোকোভিচ। ৬-১, ৭-৫ গেমে জিতে ফাইনাল নিশ্চিত করেন এই সার্বিয়ান। গত বছরের উইম্বলেডন ও ইউএস ওপেনের পর এবারের অস্ট্রেলিয়ান ওপেনের ফাইনালেও স্প্যানিশ হিরো নাদালের দেখা পাবেন জোকোভিচ।

নেপিয়ার টেস্টের দ্বিতীয় দিনে বৃষ্টির হানা

ইন্টারনেট : আগেরদিন অধিনায়ক রস টেইলরের সেঞ্চুরির সুবাদে স্বাগতিক কিউইরা দুর্বল জিম্বাবুয়ের উপর যে রানের পাহাড় চাপিয়ের দেয়ার পরিকল্পনা করেছিল গতকাল তা ভেসে গেল বৃষ্টিতে। এদিন মাত্র ১৫.২ ওভারের জন্যই মাঠে গড়িয়েছে বল। আগের দিন স্কোর বোর্ডে সংগ্রহ ৩৩১/৫ রান নিয়ে দিনের খেলা শুরু করেন দুই অপরাজিত কিউই ব্যাটসম্যান রস টেইলর (১১১) ও ওয়াল্টিং (১৫)। কিন্তু দলীয় ৩৬৫ রানের মাথায় কুইক সিঙ্গেল নিতে গিয়ে কাফ ইনজুরিতে আক্রান্ত হন ব্ল্যাকক্যাপ অধিনায়ক রস টেইলর। ব্যক্তিগত ১২২ রানে টেইলর রিটায়ার্ড হার্ট হয়ে সাজঘরে ফিরে গেলে ওয়াল্টিংয়ের সাথে ক্রিজে এসে যোগ দেন ব্রেসওয়েল। ৫ম উইকেট জুটি দুজনে মিলে যোগ করেন আরো ২৭ রান। স্বাগতিকদের স্কোর তখন ৩৯২/৫, এরপরই শুরু হয় বৃষ্টির রাজত্ব। প্রায় ৪ ঘন্টা টানা বর্ষণের পর মাঠ খেলার অনুপযোগী হয়ে পড়ায় আম্পায়ার দিনটিকে পরিত্যক্ত ঘোষণা করেন।

শিরোপা জিতল বিজেএমসি

স্পোর্টস রিপোর্টার ঃ বাংলাদেশের ফুটবল ইতিহাসে প্রথমবারের মতো আয়োজিত মহিলা কর্পোরেট লীগে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে বিজেএমসি। গতকাল অনুষ্ঠিত টুর্নামেন্টের ফাইনালে পেনাল্টি শ্যুটআউটে শেলটেককে ২-০ গোলে হারায় চ্যাম্পিয়নরা।

বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে অনুষ্ঠিত ফাইনাল ম্যাচের শুরু থেকেই আক্রমণ-প্রতিআক্রমণে এগিয়ে যায় সময়। এরই মাঝে প্রথম সংঘবদ্ধ আক্রমণটি করে দল বিজেএমসি। ৩২ মিনিটে মুক্তার বাড়ানো বল নিয়ে প্রতিপক্ষের বিপদ সীমানায় ঢুকে পড়া সাবিনার শট অল্পের জন্য লক্ষ্যভ্রষ্ট হয়। এর ১২ মিনিট পরই ফ্রি কিক থেকে গোল করে দলকে এগিয়ে নেন শেলটেকের মিডফিল্ডার ফারহানা খাতুন। পিছিয়ে পড়া বিজেএমসি ৭২ মিনিটে সমতায় ফেরার একটা সহজ সুযোগও নষ্ট করে। তবে খেলার শেষ মুহূর্তে পাওয়া সুযোগ কাজে লাগিয়ে দলকে সমতায় ফেরান সাবিনা। ম্যাচের একেবারে শেষ মিনিটে বদলি খেলোয়াড় লিনা চাকমার পাস থেকে সাবিনার অসাধারণ এক শট শেলটেকের জালে আশ্রয় নিলে সমতায় ফেরে সাবিনারা। নির্ধারিত সময়ে ফল সমতায় থাকায় ম্যাচ গড়ায় ইনজুরি টাইমে এবং সে পর্বেও কোন দল গোল না করতে পারায় পেনাল্টি শ্যুটআউটে ম্যাচের ফলাফল নির্ধারিত হয়। এ পর্বে চ্যাম্পিয়ন দলের পক্ষে গোল করেন সুরভী আক্তার ইতি ও খালেদা আক্তার বিথী। বিজেএমসির গোলরক্ষক সাবিনা আক্তার অসাধারণ নৈপুণ্যের প্রমাণ রাখেন। প্রতিপক্ষের ফুটবলারদের তিনটি শট ঠেকিয়ে দিয়ে দলের জয় নিশ্চিত করেন তিনি।

টুর্নামেন্টের সেরা ফুটবলার নির্বাচিত হন শেলটেকের ফারহানা খাতুন। অন্যদিকে ১৮টি গোল করে সর্বোচ্চ গোলদাতা হন বিজেএমসির সাবিনা খাতুন।

ব্রাদার্স ইউনিয়নের কাছে হোঁচট খেল গাজী ট্যাংক

বিশেষ সংবাদদাতা ঃ ৬ষ্ঠ রাউন্ড পর্যন্ত পয়েন্ট তালিকায় যৌথভাবে শীর্ষে অবস্থান ছিল গাজী ট্যাংকের। তবে অবনমন শুরু হয়েছে ৭ম রাউন্ড থেকে। ৭ম রাউন্ডে ডিওএইচএস'র কাছে আত্মসমর্পণের পর ৮ম রাউন্ডে অপেক্ষাকৃত দুর্বল দল ব্রাদার্সের কাছে হোঁচট খেয়ে শিরোপা রেস থেকে পড়েছে ছিটকে গাজী ট্যাংক। গতকাল ফতুল্লা স্টেডিয়ামে ইমরান নাজিরের ৮৫ রানে ভর করে ২৫১/৭ স্কোরকে ৪৯ রানের জয়ে পরিণত করেছে ব্রাদার্স স্পিনার তাপস ঘোষের দুর্দান্ত বোলিংয়ে (৪/৪০)। ২৫২'র জবাবে শুরুতেই ব্যাকফুটে নেমে গেছে গাজী ট্যাংক। স্কোরশিটে ৯৯ উঠতে ৬ উইকেট হারানোর পর কাপালী-মিলনের ৯০ রানের পার্টনারশিপে হারের ব্যবধান কমিয়েছে তারা। কাপালী ৭৮ বলে সর্বোচ্চ ৫৫ রান করেছেন। ৮ম ম্যাচে এটি গাজী ট্যাংকের ৩য় হার (১০ পয়েন্ট), সমসংখ্যক ম্যাচে ব্রাদার্সের তৃতীয় জয় (৬ পয়েন্ট)।

এদিকে বিমানের দুর্দশা যেনো কমছে না কিছুতেই। গতকাল আবাহনীর কাছে ৬৭ রানে হেরে রেলিগেশনের শংকা তীব্র হল আরো এক সময়ের ঢাকার ক্লাব ক্রিকেটে তৃতীয় শক্তি বিমানের। ভারতীয় রিক্রুট পুনিত সিং এর ৮৫ এবং অধিনায়ক রিয়াদের ৬১ রানে ভর করে ২৮৫/৭ স্কোরকে বড় জয়ে পরিণত করেছে আবাহনী বোলারদের মিতব্যয়ী বোলিংয়ে (নাজমুল অপু ২/৩০, রাজু ২/৪৬)। ৮ম ম্যাচে আবাহনীর এটি ৬ষ্ঠ জয়, অন্যদিকে ৬ষ্ঠ হার বিমানের।

ব্রাদার্স-গাজী ট্যাংক

ব্রাদার্স : ২৫১/৭ (৫০.০ ওভারে), ইমরান নাজির ৮৫, নাজিমুদ্দিন ৪২, নাফিস ইকবাল ৫, আফতাব ১৫, মনসুর আমজাদ ৪৮, তুষার ইমরান ২৬, সেহেল ৯, ধীমান ঘোষ ৮ (অপ.), তাপস ঘোষ ২ (অপ.), আলাউদ্দিন বাবু ১/৪৯, সানজামুল ১/৩৫, নায়ার আব্বাস ১/৩৯, অলক কাপালী ২/৪৬, আসিফ রাতুল ২/৩২

গাজী ট্যাংক : ২০২/১০ (৪৪.০ ওভারে), কায়সার ইকবাল ২১, রনি ১৪, মমিনুল ৩, নাসির ২, মিঠুন ৫, অলক কাপালী ৫৫, রাতুল ২৮, নাজমুল মিলন ৪০, আলাউদ্দিন বাবু ৪, নায়ার আব্বাস ৭ (অপ.), সানজামুল ২, তুষার ইমরান ২/২৩, মনসুর আমজাদ ১/৪২, তাপস ঘোষ ৪/৪০, শাকের ২/৪৫

ফল : ব্রাদার্স ৪৯ রানে জয়ী।

আবাহনী- বিমান

আবাহনী : ২৮৫/৭ (৫০.০ ওভারে), আনামুল ৪৩, ফজলে রাব্বী ১১, পিটার ট্রেগো ০, পুনিত সিং ৮২, মাহামুদুল্লাহ রিয়াদ ৬১, রজত ভাটিয়া ২১, মার্শাল আইয়ুব ২৬, ফরহাদ ১৮ (অপ.), রাজু ০ (অপ.), মাশরাফি ২/১৯, রেজাউল করিম ১/৫৭, কাসিফ ১/৫৪, আসিফ ৩/৪৯

বিমান : ২১৮/৯ (৫০.০ ওভারে), কাসিফ ১, অভিষেক ১৮, জুনায়েদ ৪৪, খালিদ লতিফ ৪০, গুল্লু ১৩, এহসানুল ৩৫, রেজাউল ৮, মাশরাফি ১৩, ফরিদউদ্দিন মাসুদ ৩৭ (অপ.), আসিফ ২. তাসকিন ১ (অপ.), পিটার ট্রেগো ১/৪৩, রাজু ২/৪৬, রজত ভাটিয়া ১/৩২, মাহামুদুল্লাহ রিয়াদ ১/১৬, নাজমুল অপু ২/৩০

ফল : আবাহনী ৬৭ রানে জয়ী।

ক্রীড়া লেখক সমিতির নির্বাচন সম্পন্ন

রানা সভাপতি মামুন সা. সম্পাদক

স্পোর্টস রিপোর্টার : বাংলাদেশ ক্রীড়া লেখক সমিতির বার্ষিক সাধারণ সভা (এজিএম) এবং নির্বাচন সম্পন্ন হয়েছে গতকাল। জাতীয় ক্রীড়া পরিষদের সংবাদ সম্মেলন কক্ষে ২০১২-১৩'র জন্য ক্রীড়া লেখক সমিতির সভাপতি পদে নির্বাচিত হয়েছেন হাসান উল্লাহ খান রানা, সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন মোস্তফা মামুন। এছাড়া সহ-সভাপতি পদে আরিফ সোহেল, যুগ্মসম্পাদক পদে সেকান্দার আলী, কোষাধ্যক্ষ পদে রাকিবুর রহমান, সাংগঠনিক সম্পাদক পদে কাজী শহিদুল আলম, দপ্তর সম্পাদক পদে মোয়াজ্জেম হোসেন রোকন (বিনা প্রতিদ্বন্দ্বিতায়), সদস্য পদে সেলিম নজরুল হক, ইকরামুজ্জামান, তালহা বিন নজরুল, কবি সানাউল হক খান, আনোয়ার উল্লাহ ও রফিকুল ইসলাম মিয়া নির্বাচিত হয়েছেন। এজিএমএ সভাপতিত্ব করেন ক্রীড়া লেখক সমিতির বিদায়ী সভাপতি রেজাউর রহমান সোহাগ।

শুরু হল আগা খাঁন গোল্ডকাপ গলফ

স্পোর্টস রিপোর্টার : গতকাল থেকে কুর্মিটোলা গলফ কোর্সে শুরু হয়েছে তিন দিনব্যাপী আগা খাঁন গোল্ডকাপ গলফ টুর্নামেন্ট। টুর্নামেন্টের উদ্বোধনী দিনে সশস্ত্র বাহিনী বিভাগের প্রিন্সিপাল স্টাফ অফিসার লে. জেনারেল আব্দুল ওয়াদুদ আনুষ্ঠানিকভাবে প্রতিযোগিতার উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে টুর্নামেন্টে অংশগ্রহণকারী দলের সদস্যরা ছাড়াও কুর্মিটোলা গলফ ক্লাবের টুর্নামেন্ট কমিটির চেয়ারম্যান ব্রিগেডিয়ার জেনারেল আবিদুর রেজা খান (অব.), ক্লাব ক্যাপ্টেন ব্রিগেডিয়ার জেনারেল এনায়েত উল্লাহ, ক্লাবের প্রধান নির্বাহী কর্মকর্তা কর্নেল এসএম শওকত আলী (অব.), আগা খাঁন কাউন্সিল বাংলাদেশ শাখার সভাপতি হাবিব হিরজি উপস্থিত ছিলেন।

দ্বিতীয় ইনিংসের শুরুতেই পানেসার ধাক্কা

ইন্টারনেট : বল হাতে প্রথম ইনিংসে তেমন একটা সাফল্যের দেখা পাননি। তারপরও সতীর্থ পেসার ব্রড-এন্ডারসন এবং স্পিনার সোয়ানের কৃতিত্বে প্রতিপক্ষকে ঠিকই অল্প রানে বেধে ফেলে ইংল্যান্ড। ব্যক্তিগত সেই হতাশা পুষিয়ে নিতেই বুঝি দ্বিতীয় ইনিংসের শুরু থেকেই পাক ব্যাটসম্যান হাফিজ ইউনুসদের সামনে মূর্তিমান বিপদ হয়ে হাজির হলেন দাড়িওয়ালা ইংলিশ স্পিনার মন্টি পানেসার। স্বাগতিকদের স্কোর ২৯ রানে পৌঁছতে মোহাম্মদ হাফিজকে ফিরিয়ে দিয়ে শুরু করেন পানেসার তার ঘূর্ণি আক্রমণ। ঠিক তার পরের ওভারে আঘাত হানে আরেক স্পিনার সোয়ান। এবং পরবর্তীতে মন্টির আরও দু'টি মরণ আঘাতে পাকিস্তানের দলীয় স্কোর পঞ্চাশের কোঠা পেরোতেই চার চারটি উইকেটের পতন! স্বাগতিকদের হতাশার চিত্রটা আরও গাঢ় হতে পারত যদি না উইকেটে জমে যাওয়া আজহার আলীর (৪৬) সাথে জুটি গড়তে পারতেন আসাদ শফিক (৩৫)। এই দু'জনের দৃঢ়তায় তৃতীয় দিন শেষে স্বাগতিকদের স্কোর ১২৫। লিড দাঁড়িয়েছে ৫৫ রানে। হাতে আছে ছয়

উইকেট। প্রতিপক্ষ ইংল্যান্ডের সামনে কি যথেষ্ট স্কোর গড়তে পারবে পাক ব্যাটিং লাইন আপ?

তৃতীয় দিনের শুরুতে আগেরদিনের অপরাজিত ব্যাটসম্যান ইয়ান বেল তেমন একটা বিশ্বস্ততার প্রমাণ দিতে পারেননি। ব্যাক্তিগত ২৯ রানেই প্যাভিলিয়নে ফেরেন এই ব্যাটসম্যান। মাঝের সময়ে ফিরে যান উইকেটরক্ষক-ব্যাটসম্যান ম্যাট প্রায়োরও। শুরুতে বড় রানের আশা জাগালেও এসময় তা দূরের স্বপ্নই মনে হচ্ছিল। আর তখনই দলের হাল ধরেন বোলার অলরাউন্ডার স্ট্রুয়ার্ট ব্রড। শেষপর্যন্ত ৬২ বলে ৫৮ রান করে অপরাজিত থাকেন ব্রড। দলকে পৌঁছে দেন ৩২৭ রানের সম্মানজনক অবস্থানে। প্রথম ইনিংসের রান ব্যবধানে ৭০ রানের লিড পায় ইংলিশরা।

ফুয়াদের কণ্ঠে দূরন্ত রাজশাহীর টীম এনথাম

বিশেষ সংবাদদাতা ঃ দূরন্ত রাজশাহীর সব কিছুতেই নতুনত্বের ছোঁয়া। বিপিএলএ ৬ ফ্রাঞ্চাইচির মধ্যে একমাত্র বাংলা নামে নামকরণ করেছে রাজশাহীর ফ্রাঞ্চাইচি। অন্য ফ্রাঞ্চাইচিরা যেখানে তাদের দলের থিম সং তৈরি করেছে, সেখানে থিম সং এর ধারণা থেকে বেরিয়ে এসে ব্র্যান্ডেড টিম এনথাম করছে দূরন্ত রাজশাহী। ম্যানচেস্টার ইউনাইটেড, লিভারপুল-সহ অন্যান্য ইংলিশ বা স্প্যানিশ দলগুলোর আছে নিজস্ব টিম এনথাম। বিপিএল'র দল দূরন্ত রাজশাহীও সেই আইডিয়া থেকে টীম এনথাম তৈরি করেছে। 'লেটস মুভ, মুভ রাজশাহী, আমরা দূরন্ত রাজশাহী' দলকে উজ্জীবিত করবে এমন কিছু কথা নিয়ে রচিত হয়েছে টীম এনথাম। রাজশাহী, বাংলাদেশ আর আন্তর্জাতিক প্রেক্ষিত উঠে এসেছে এই টীম এনথামে। ব্র্যান্ডেড এ টীম এনথামটি লিখেছেন বিশিষ্ট গীতিকার মাহমুদ খুরশিদ। কণ্ঠ দিয়েছেন এ সময়ের অন্যতম পরিচিত গায়ক ফুয়াদ এবং তার ব্যান্ড দল ফুয়াদ অ্যান্ড ফ্রেন্ডস (এফএনএফ)।

উদ্বোধনী অনুষ্ঠানে কারিনা কাপুর সাইফ আলী

আর মাত্র ১৩ দিন

বিশেষ সংবাদদতা ঃ বিপিএল'র উদ্বোধনী অনুষ্ঠানের টিকিট বিক্রির স্বত্বও পেয়েছে সিহাব ট্রেডিং। তবে আগামী ৯ ফেব্রুয়ারি মিরপুর শেরে বাংলা স্টেডিয়ামে অনুষ্ঠেয় উদ্বোধনী অনুষ্ঠানের টিকিটের মূল্য নির্ধারণ করেনি এখনো তারা। ৩ ঘন্টার এই উদ্বোধনী অনুষ্ঠানকে আকর্ষণীয় করতে ইতোমধ্যে মুম্বাই সুপার স্টার কারিনা কাপুর, সাইফ আলী খানকে হাজির করবে সিহাব ট্রেডিং। প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে দিয়ে আনুষ্ঠানিকভাবে বিপিএল'র উদ্বোধন করা হবে, সে সম্মতি প্রধানমন্ত্রী দিয়েছেন বলে জানিয়েছেন সিহাব ট্রেডিংয়ের চেয়ারম্যান সেলিম চৌধুরী। ব্যাটে বল মারবেন প্রধানমন্ত্রী, বলটি উঠে যাবে শূন্যে– কৃত্রিমভাবে তৈরি ওই বল থেকে বাংলাদেশের জাতীয় পতাকা খুলে তা পড়বে মাটিতে– উদ্বোধনী অনুষ্ঠানে এমন বৈচিত্র্য আনতে যাচ্ছে বলেও জানানো হয়েছে। এছাড়া থাকছে লেজার শো এবং আতশবাজি উৎসব।

একই রাতে রিয়াল-বার্সা

ইন্টারনেট : আজ স্প্যানিশ লিগে গড়াতে যাচ্ছে দুটি গুরুত্বপূর্ণ ম্যাচ। ২০তম রাউন্ডের খেলায় একই রাতে নামবে লিগের দুই জায়ান্ট রিয়াল মাদ্রিদ ও বার্সেলোনা। সম্প্রতি রিয়াল-বার্সার শীর্ষস্থান দখলের শ্বাসরুদ্ধকর লড়াই লা লিগার চলতি মৌসুমটা ফুটবলপ্রেমীদের দিচ্ছে বাড়তি উত্তেজনার যোগান। তবে মজার ব্যাপার হলো, ম্যাচে রিয়াল-বার্সার প্রতিপক্ষ পয়েন্ট টেবিলের নিচুসারির দুই রিয়াল। একদিকে রিয়াল মাদ্রিদ মুখোমুখি হবে রিয়াল জারাগোজার, অন্যদিকে বার্সেলোনা খেলতে নামবে ভিয়ারিয়ালের বিপক্ষে।

প্রথমে বাংলাদেশ সময় রাত একটায় শুরু হবে দুই রিয়ালের ম্যাচ। পয়েন্ট টেবিলের শীর্ষদল রিয়াল মাদ্রিদ মুখোমুখি হবে দুর্বল রিয়াল জারাগোজার। মাত্র চার দিন আগে কিংস কাপের কোয়ার্টার ফাইনাল থেকে বিদায় নেয়ার দুঃখটা এখনো মিলিয়ে যায়নি ডিফেন্ডিং চ্যাম্পিয়ন রিয়াল মাদ্রিদের। 'এল ক্ল্যাসিকো'র সেই মহারণে চিরশত্রুর বার্সালোনার দুর্গে ২-২ গোলে ড্র করে মাঠ ছাড়ে মরিনহো বাহিনী। কিন্তু প্রথম লেগে ঘরের মাঠে ২-১ গোলে হারের কারণে বিদায় নিতে হয়েছে তাদের। সেবার সান্তিয়াগো বার্নাব্যুতে এক হতাশার রাত কাটিয়েছিলন গ্যালাকটিকোস সমর্থকরা। আজ সেই হোম গ্রাউন্ডেই সমর্থকদের মুখে হাসি ফিরিয়ে দেবার

চ্যালেঞ্জ পরাক্রমশালী রিয়াল মাদ্রিদের। তাই সেই স্মৃতি ভুলে জারাগোজার বিপক্ষে আজকের ম্যাচে মনোনিবেশের করতে চান রিয়াল মাদ্রিদ দলপতি ইকার ক্যাসিয়াস। তিনি বলেন, 'বার্সেলোনাকে নিয়ে আর ভাবতে চাই না। আমরা ঐ ম্যাচটিকে ভুলে যেতে চাই। জারাগোজার বিপক্ষে ম্যাচটিতে মনোযোগী হতে চাই।' সেই সাথে লিগের শীর্ষস্থান ধরে রাখতে জয় অভিন্ন কিছু না ভাববার কথাও জানিয়ে দিলেন ক্যাসিয়াস। তিনি বলেন, 'আমাদের লক্ষ্য পাল্টে গেছে। পয়েন্ট টেবিলের শীর্ষস্থানটা ধরে রাখতে চাই। আগামী তিন সপ্তাহ পর চ্যাম্পিয়ন্স লীগ। তাই তার আগেই নিজেদের তৈরি করতে চাই।' তবে লা লিগায় টানা ৪ ম্যাচে জয় পাওয়া গ্যালাকটিকোসদের আত্মবিশ্বাসের পারদটা এখনও আছে সর্বোচ্চ চূড়ায়। আর শেষ ম্যাচে স্ট্রাইকার ক্রিশ্চিয়ানো রোনালদোর জোড়া গোলে অ্যাথলেটিক বিলবাওয়ের বিপে ৪-১ গোলে বড় জয় পেয়েছে তারা। তাই সান্তিয়াগো বার্নাব্যুতে রিয়াল জারাগোজা কতটুকু প্রতিরোধ গড়ে তুলতে পারে সেটাই এখন দেখার বিষয়। এছাড়া লিগের প্রথম দিকে রিয়াল জারাগোজার বিপক্ষে গোল উৎসব করেছিল মাদ্রিদ। সেবার রোনালদোর হ্যাটট্রিকের সুবাদে গ্যালাকটিকোসরা ৬-০ গোলে রিয়াল জারাগোজাকে। শেষ ১৯ ম্যাচে ৪৭ পয়েন্ট নিয়ে শীর্ষ অবস্থান করছে রিয়াল মাদ্রিদ। অন্যদিকে সমান ম্যাচ খেলে পয়েন্ট টেবিলের একেবারে তলানীতে থাকা রিয়াল জারাগোজার সংগ্রহ মাত্র ১২ পয়েন্ট।

ওদিকে পয়েন্ট টেবিলে ৫ পয়েন্ট পিছিয়ে থেকে রিয়াল মাদ্রিদকে ছায়ার মত অনুসরণ করে চলছে কাতালান জায়ান্ট বার্সেলোনা। স্প্যানিশ লিগের শেষ ম্যাচে সুপারস্টার লিওনেল মেসির হ্যাটট্রিকের সুবাদে মালাগাকে ৪-১ গোলে হারিয়েছে কাতালানরা। কিন্তু এস্পানিওলের সাথে ২-২ গোলে ড্রয়ের হতাশা এখনো কাটিয়ে উঠতে পারেনি তারা। আর তাই এবারের চ্যাম্পিয়ন্স লিগে তাদের যোগ দিতে হচ্ছে দ্বিতীয় স্থানে থেকেই। তবে কিংস কাপের কোয়ার্টার ফাইনালে চিরশত্রু রিয়াল বিদায় জানিয়ে অনেকটাই উৎফুল্ল কাতালানরা। সেই সাথে লা লিগা এখনই শেষ হয়ে যায়নি এমনটাও ঘোষণা দিয়ে দিয়েছে গার্দিওলা বাহিনী। আর সেই সাফল্যের ধারা অব্যাহত রাখতে আজ তারা ফিরতে ম্যাচে খেলতে নামবে লিগের ১৭তম দল ভিলারিয়ালের মাঠে। এরআগে ন্যু ক্যাম্পে কাতালানরা ৫-০ গোলে বিধ্বস্ত করেছিল ভিয়ারিয়ালকে। ম্যাচটি শুরু হবে বাংলাদেশ সময় রাত তিনটায়। এছাড়া বড় দুই ক্লাবের ম্যাচের রাতে মুখোমুখি হতে যাচ্ছে এস্পানিয়ল-মায়োর্কা এবং রাও ভালকানো-অ্যাথলেটিকো বিলবাও।

সিরি এ'তে জুভেন্টাসের মুখোমুখি উদিনেস

ইন্টারনেট : ইতালিয়ান সিরি এ'তে আজ রাতে এক গুরুত্বপূর্ণ ম্যাচে মুখোমুখি হচ্ছে পয়েন্ট তালিকা দুই শীর্ষ দল জুভেন্টাস ও উদিনেস। শেষ ১৯ ম্যাচে ৪১ পয়েন্ট নিয়ে লিগের শীর্ষস্থান ধরে রেখেছে জুভেন্টাস। মাত্র এক পয়েন্ট কম নিয়ে তালিকার দ্বিতীয় স্থানে অবস্থান করছে এসি মিলান। আর সমানসংখ্যক ম্যাচে ৩৮ পয়েন্ট নিয়ে ৩য় স্থানে অবস্থান করছে উদিনেস। ২০তম রাউন্ডের খেলায় জুভেন্টাস যদি কোন পয়েন্ট হারায় তবে বাড়তি সুবিধাই পাবে মিলান ও উদিনেস। তাই ঘরের মাঠে শীর্ষস্থান ধরে রাখা কঠিন চ্যালেঞ্জ এখন জুভেন্টাসের সামনে। ওদিকে আজ স্বাগতিকদের হারিয়ে শিরোপার জয়ের দৌড়ে আরো একটি ধাপ এগিয়ে যেতে চায় উদিনেস। বাংলাদেশ সময় রাত পৌনে দুটায় অনুষ্ঠিত হবে এই ম্যাচ। জুভেন্টাস-উদিনিস ম্যাচের রাতে মাঠে নামবে অপর দুই ইতালিয়ান ক্লাব কাতানিয়া ও পার্মা। বাংলাদেশ সময় রাত এগারটা অনুষ্ঠিত হবে এই ম্যাচ। লিগের নিচুসারির দল হলেও ম্যাচটি যে তুমুল উত্তেজনা ছড়াবে তা বলার অপেক্ষা রাখে না। মাত্র এক পয়েন্ট ব্যবধানে ১৪ নম্বর দল কাতালিয়া নিঃশ্বাস ফেলছে ১২ নম্বরে থাকা পার্মার কাঁধে। শেষ ম্যাচে বোলগনার সাথে পার্মা গোলশূন্য ড্র করলেও, উদিনেসের কাছে ২-১ কাতানিয়া।

জয়াবর্ধনের লক্ষ্য

ইন্টারনেট : লঙ্কান অধিনায়কের দায়িত্ব থেকে মহেলা জয়াবর্ধনে সরে দাঁড়িয়েছিলেন সেই ২০০৯ সালে। সেবার মহেলার এই স্বেচ্ছা অব্যাহতির পেছনে মূল কারণ ছিল, প্রিয় বন্ধু কুমার সাঙ্গাকারার বিশ্বকাপে দলকে নেতৃত্ব দেবার অভিলাষ। কিন্তু গত বছরের বিশ্বকাপে চ্যাম্পিয়ন হতে না পারার অভিমানে সাঙ্গাকারাও নেতৃত্বকে 'না' বলে দিলে অনন্যোপায় লঙ্কান ক্রিকেট বোর্ড অধিনায়ক হিসেবে বেঁধে নিতে হয় উদ্বোধনী ব্যাটসম্যান তিলকরত্নে দিলশানের মাঝে। শুরুতেই ত্রিশোর্ধ্ব অধিনায়ককে চলতে থাকে নানা গুঞ্জন। তারপরও গত ৯ মাস ধরে দিলশানে লিটমাস টেস্ট। কিন্তু দিলশানের অধীনে শেষ ৪টি সিরিজের টেস্ট এবং

ওয়ানডে উভয় ফরম্যাটেই হেরেছে শ্রীলঙ্কা। জয়াবর্ধনে-সাঙ্গাকারার ধৈর্যশীল ব্যাটিং দৌলতে টেস্টে লঙ্কানদের যে গৌরব ছিল তাও হয়েছে পদদলিত। আর তাই এবার দিলশানকে সাবেক কাতারে ঠাঁই দিয়ে আবারো দলের নেতৃত্বে ফিরিয়ে আনা হলো অভিজ্ঞ জয়াবর্ধনে। তবে প্রত্যাবর্তনটা দীর্ঘস্থায়ী হবে না এমন ঘোষণা শুরুতেই দিয়ে দিলেন জয়াবর্ধনে। তিনি বলেন, 'খুব অল্প সময়ের জন্য দায়িত্বগ্রহণ করেছি। মূলত দলের ভবিষ্যৎ অধিনায়ক তৈরি করতেই এই প্রত্যাবর্তন।' এতে করে আগামী মাসে অস্ট্রেলিয়ায় অনুষ্ঠিতব্য ত্রি-জাতীয় ওয়ানেডে সিরিজে জয়াবর্ধনের নেতৃত্বে মাঠে নামবে লঙ্কান সিংহরা। শেষ দুই ম্যাচে প্রোটিয়াসদের হারিয়ে দল অনেকটাই উজ্জীবিত। এছাড়া ইতোমধ্যে দলে নতুন কোচ হিসেবে আনা হচ্ছে সাবেক প্রোটিয়াস ক্রিকেটার গ্রাহাম ফোর্ডকে। নতুন কোচ ও নতুন অধিনায়কের এই নবজুটির কাছ থেকে হারানো জৌলুস ফিরে পাওয়ার আহ্বানই লঙ্কান ক্রিকেটপ্রেমীদের। আর সেই লক্ষ্যে কাজ করে যাবেন বলে জানিয়েছেন জয়াবর্ধনে। তিনি বলেন, 'আমাদের লক্ষ্য ম্যাচ জেতা। টেস্ট ক্রিকেটে শীর্ষ চার দলের মধ্যে নিজের স্থান ফিরিয়ে আনা।

৪-০ থেকে বাকি মাত্র ৪!

ইন্টারনেট ঃ এমনটা যে হবে সে আশংকা তো ছিল আগে থেকেই। সিরিজের প্রথম ৩ টেস্টে অজিদের সামনে যে ভারত দাঁড়াতেই পারেনি তাদের কাছে বিশেষ কিছু আশা করাই যে বোকামি। তারপরও ধোনি বাহিনী আশার বাণী শুনিয়েছিল-লড়াইয়ে ফিরবে তারা। বিশেষ এক বিবেচনায় তা ফিরল বৈকি। ম্যাচের পরিধি ৫ দিনে তো গড়াল! ভারতীয়দের সাফল্য আছে আরও এক জায়গায়। মাঝের দুই টেস্ট পর অবশেষে ইনিংস পরাজয় এড়াতে পেরেছে তারা। এখানে অবশ্য বলে রাখা ভাল- ইনিংস পরাজয় এড়ানোতে যতটা না শেবাগ (বহিষ্কৃত ধোনির অনুপস্থিতিতে) বাহিনীর কৃতিত্ব তার চেয়ে বেশি স্বাগতিক দলপতি মাইকেল ক্লার্কের উদারতা (বিচিত্র চিন্তাও বটে)। প্রথম ইনিংসে নিজেদের ৬০৪ (ডিক্লে.) রানের বিপরীতে প্রতিপক্ষকে ২৭২ রানে বেধে ফেলে ফলোঅন করানোর যে সুযোগ পেয়েছিলেন তিনি তা যে স্বেচ্ছায়ই বাতিল করেন। হতে পারে নিজেদের অবস্থানটা আরেকটু পোক্ত করতে চেয়েছিলেন ক্যাঙ্গারু সেনাপতি। যদি তাই হয় তবে তাতে শতভাগ সফলই বলা যায় মাইকেল ক্লার্ককে। প্রথম ইনিংসের লিড ৩৩২ এবং দ্বিতীয় ইনিংসের ১৬৭ মিলিয়ে মোট লিড দাঁড়ায় ৪৯৯। ভারতের জন্য জয়ের লক্ষ্য ৫০০ রান! জিততে হলে ইতিহাসের পুরনো সব রেকর্ড ভাঙতে হবে। এমন আশা করাটা একটু বেশিই বাড়াবাড়ি। চতুর্থ দিন শেষেই তার প্রমাণ মিলেছে। ১৬৬ রান তুলতেই ওরা হারিয়ে ফেলেছে ৬ উইকেট। উইকেটে আছেন লোয়ার অর্ডার ইশান্ত শর্মা ও ওয়াইজ শাহ। কাঙ্ক্ষিত সে বন্দরে পৌঁছতে এখনও বাকি ৩৩৪ রান। নাহ! বলার আঙ্গিকটা পরিবর্তন না করলেই না। সাবেক অজি ক্রিকেটার গ্লেন ম্যাকগ্রার ভবিষ্যৎবাণী আর দুই দলের তুলনায় বিস্তর ফারাকটা জাগিয়ে তুলতে বলতে হয়- ভারতকে টানা দ্বিতীয় হোয়াইটওয়াশের লজ্জা দিতে পন্টিংদের প্রয়োজন আর মাত্র ৪ উইকেট। আমাদের এই উপমহাদেশের ক্রিকেটপ্রেমীদের মাঝে একটু যারা বেশিই আয়েশী তাদের ঘুম ভাঙার আগেই না আবার পণ্ড হয় ধবল ধোলাইয়ের পর্ব।

'ওভাল' নামটির সাথে খুব একটা সখ্যতা বুঝি নেই ভারতীয়দের। ইংল্যান্ডের বিপক্ষে হোয়াইটওয়াশ হওয়া সে সিরিজে শেষ ম্যাচ হয়েছিল 'দ্য ওভালে'। মিলটা দেখুন- এখানেও লজ্জার অন্তিম পর্বে আবারও ওভাল। অ্যাডিলেডের ওভালে শেষ ম্যাচ শুরুর আগে গুঞ্জন উঠেছিল এখানকার উইকেটে ভারতীয় শিবিরে সুবাতাস বইতে পারে। অজি ব্যাটসম্যান রিকি পন্টিংও বলেছিলেন- এই উইকেটে কোন দলের ২০ উইকেট নেয়া খুব কঠিন। ম্যাচের চিত্রে অবশ্য তার ভিন্নতারই দেখা মিলল। প্রথম ইনিংসে স্বাগতিকরা ঠিকই ভাসল রানের ভেলায়। আটকে গেল শুধু সফরকারীরা। শচীন, দ্রাবিড়, লক্ষ্মণ- টেস্ট ক্রিকেটে নামকরা এরা সবাই ফেল মারল। প্রথম ইনিংসে গম্ভীরের সেঞ্চুরির কল্যাণে তাও তো ২৭২ রানে পৌঁছেছিল তারা। দ্বিতীয় ইনিংসে গতকাল পর্যন্ত যে অবস্থা তাতে দুশ' পার হয় কি না সন্দেহ। সামান্য যে প্রাপ্তি তা হল, অবশেষে রানের দেখা পেলেন বিরেন্দর শেবাগ। তবে তা দলের জন্য কতটা কাজে লাগল সে প্রশ্ন থেকেই যায়। টেস্টটাকে তো আপনার টেস্ট হিসেবেই খেলতে হবে। যেখানে মূল প্রতিপক্ষ হয়ে দাঁড়িয়েছে সময় সেখানে অল্প সময়ে ব্যাট করে কিই বা করতে পারবেন আপনি। আর তাই শেবাগের দ্রুত গতির ৫৩ বলে ৬২ রান খুব একটা সুখী করতে পারল না ভারত ভক্তদের। আর শচীন, সেই ব্যর্থতার বৃত্তেই বন্দি হয়ে আছেন লিটল মাস্টার। সিরিজের শেষ পর্বে 'আনলাকি থারটিনে'ই আটকে গেল শচীনের শততম রেকর্ড প্রত্যাশা। স্বাগতিকদের হয়ে প্রতিপক্ষকে রুখে দিতে সিরিজের শুরু থেকে মূল ভূমিকাটা পালন করে আসছে অজি পেসাররা। গতকালও

তার ব্যতিক্রম ঘটেনি। নাথান লিও পূর্বেই ঘোষণা দিয়েছিলেন- শচীনকে বধ করবেন তিনি। করলেনও, সবমিলিয়ে দখল করলেন ৩ উইকেট। বাকি দুই উইকেট পুরেছেন রায়ান হ্যারিস তার নিজ থলিতে।

স্বাগতিক পেসারদের অসাধারণ কৃতিত্বের মাঝে ব্যাটসম্যান রিকি পন্টিংয়ের ধারাবাহিক সাফল্যের কথা একটু না বললেও নয়। সিরিজের শুরু থেকেই সমালোচনার জবাব দিতে শুরু করেন তিনি। প্রথমে দুই অর্ধশতক, এরপর একটি শতক ও দ্বিশতক এবং সর্বশেষ গতকাল দলের সংক্ষিপ্ত ইনিংসের মাঝে নিজের ব্যাটটাকে উঁচুতে তুলতে ভুললেন না। করলেন ইনিংস সর্বোচ্চ হার না মানা ৬০ রান।